

EMBASSY OF THE UNITED STATES OF AMERICA

PUBLIC AFFAIRS SECTION

TEL: 880-2-883-7150-4

FAX: 880-2-9881677, 9885688

E-MAIL: DhakaPA@state.gov

WEBSITE: <http://dhaka.usembassy.gov>



সংবাদ বিজ্ঞপ্তি

যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মরিয়ার্টির রংপুর সফর

ঢাকা, ১৮ই আগস্ট -- যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত জেমস এফ. মরিয়ার্টি আজ রংপুর ও সৈয়দপুর সফর করেছেন। তারাগঞ্জে তিনি যুক্তরাষ্ট্র-বাংলাদেশের যৌথ উদ্যোগে আয়োজিত 'মেডিকেল সিভিল একশন প্রোগ্রাম (মেডক্যাপ)' উদ্বোধন করেন, স্থানীয় একটি মাদ্রাসা পরিদর্শন করেন এবং যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে তৈরি এসএমসি'র একটি বু-স্টার ফার্মেসিও ঘুরে দেখেন। এসব স্থান পরিদর্শনের সময় রাষ্ট্রদূত বাংলাদেশের উন্নয়নে যুক্তরাষ্ট্র সরকারের দীর্ঘ-মেয়াদি অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন।

তারাগঞ্জ আঞ্চলিক ক্লিনিকে মেডক্যাপের উদ্বোধনী অনুষ্ঠানের মধ্য দিয়ে রাষ্ট্রদূতের সফর শুরু হয়। যুক্তরাষ্ট্র-বাংলাদেশের ১০ দিন ব্যাপী এই যৌথ মানবিক সহায়তা কর্মসূচির আওতায় রংপুরের তিনটি ক্লিনিকে জেলার দশ হাজারেরও বেশি স্থানীয় জনগণকে বিনামূল্যে সাধারণ চিকিৎসা ও দস্ত চিকিৎসা প্রদান করা হবে। বাংলাদেশ সেনাবাহিনীর মেডিকেল দলের সহায়তায় যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ও মেরিন দল চিকিৎসা সেবা প্রদান করবে। এই কর্মসূচির উদ্দেশ্য হল বাংলাদেশে মানবিক সহায়তা প্রদান করা এবং যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সামরিক বাহিনীর মধ্যে একত্রে কাজ করার সক্ষমতা আরো বৃদ্ধি করা। সামরিক ডাক্তার, নার্স ও মেডিকেল টেকনিশিয়ানদের সেবার মান দেখে রাষ্ট্রদূত অভিভূত হন। তিনি আশা প্রকাশ করেন এই গুরুত্বপূর্ণ কর্মসূচির মাধ্যমে হাজার হাজার বাংলাদেশী নাগরিকের জীবন-মান উন্নত হবে।

পরে রাষ্ট্রদূত মরিয়ার্টি রংপুরের সাতগড়া বাইতুল মুকাররম কামিল মাদ্রাসা পরিদর্শন করে ছাত্রছাত্রী ও শিক্ষকবৃন্দের সাথে দেখা করেন। এই শিক্ষাপ্রতিষ্ঠানটি ধারাবাহিকভাবে দেশের শীর্ষ ১০ মাদ্রাসার অন্যতম হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক স্বীকৃতি লাভ করে আসছে। রাষ্ট্রদূত ও শিক্ষার্থীরা আমেরিকার গণতান্ত্রিক ও নির্বাচনী প্রক্রিয়াসহ নানা বিষয়ে প্রাণবন্ত আলোচনায় অংশগ্রহণ করেন। রাষ্ট্রদূত আমেরিকার শাসন ব্যবস্থা সম্পর্কে নির্বাচিত কিছু বই ও উপকরণ মাদ্রাসাকে উপহার দেন। 'অ্যাক্সেস ইংলিশ মাইক্রো স্কলারশিপ

প্রোগ্রামের মাধ্যমে যুক্তরাষ্ট্র সরকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মাদ্রাসা ছাত্রছাত্রীদের শিক্ষা কর্মসূচিতে অব্যাহতভাবে সহায়তা প্রদান করে আসছে এবং মাদ্রাসা শিক্ষক ও ইমামদের প্রশিক্ষণ প্রদান করছে।

এরপর রাষ্ট্রদূত মরিয়ানি যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে সোশাল মার্কেটিং কোম্পানির (এসএমসি) ব্লু স্টার ফার্মেসি পরিদর্শন করেন। তিনি সেবা প্রদানকারী ও সেবা নিতে আসা লোকজনের সাথে কথা বলেন। ফার্মেসিতে প্রদত্ত পণ্য ও সেবার পরিধি দেখে রাষ্ট্রদূত চমৎকৃত হন। সাধারণ ব্লু স্টার ফার্মেসিতে একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী দরিদ্র জনগোষ্ঠীসহ এলাকার জনগণের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা ও ওষুধ সামগ্রী প্রদান করে। এসএমসি'র ব্লু স্টার সোশ্যাল ফ্র্যাঞ্চাইজিং প্রোগ্রাম হল ব্লু স্টার ব্র্যান্ড নামের অধীনে ৩,৬৫০ জন কমিউনিটি ভিত্তিক প্রাইভেট স্বাস্থ্যসেবা প্রদানকারীদের একটি নেটওয়ার্ক, যার মধ্যে আছে প্রশিক্ষিত গ্র্যাজুয়েট ও নন-গ্র্যাজুয়েট চিকিৎসা পেশাজীবী, নার্স, ধাত্রী এবং ওষুধপ্রস্তুতকারী। ইউএসএআইডি'র সহায়তাপুষ্ট উদ্যোগ ব্লু স্টার সচেতনতা সৃষ্টি করে এবং সামাজিকভাবে উপকারী সেবা ও পণ্য ব্যবহারে উৎসাহিত করে। ব্লু-স্টার পরিবার পরিকল্পনা বিষয়ে পরামর্শ প্রদান করে এবং এসএমসি ব্র্যান্ডের পণ্য, যেমন, জন্ম-নিরোধক সামগ্রী, দরিদ্র মানুষের কাছে সাশ্রয়ী মূল্যে বিতরণ করে।

রাষ্ট্রদূত মরিয়ানি যখন ব্লু স্টার ফার্মেসি পরিদর্শন করছিলেন, তখন মিসেস মরিয়ানি রংপুরের বৃহত্তম সরকারি কলেজ রংপুর সরকারি কলেজের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দের সাথে সাক্ষাৎ করেন। মিসেস মরিয়ানি এবং শিক্ষার্থীরা যুক্তরাষ্ট্রের আসন্ন প্রেসিডেন্ট নির্বাচন সম্পর্কে আলোচনা করেন। যুক্তরাষ্ট্র সম্পর্কে একগুচ্ছ বই তিনি কলেজের ছাত্রছাত্রীদের উপহার দেন।

১৯৭১ সাল থেকে যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশকে পাঁচশ' কোটি ডলারের বেশি উন্নয়ন সাহায্য প্রদান করেছে। যুক্তরাষ্ট্র সরকার বাংলাদেশকে যেসব বিষয়ে সাহায্য প্রদান করেছে তার মধ্যে আছে: অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচনের জন্য এবং আরো বেশি স্বচ্ছ ও জবাবদিহিমূলক শাসন ব্যবস্থার জন্য সহায়তা; শিক্ষিত, স্বাস্থ্যবান এবং আরো বেশি দক্ষ জনগোষ্ঠীর জন্য সহায়তা; সমতাপূর্ণ অর্থনৈতিক প্রবৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক সুযোগ বৃদ্ধিতে অর্থায়ন; খাদ্য সহায়তা, এবং দুর্যোগ প্রশমনে সহায়তা।

=====

জিআর/২০০৮

দ্রষ্টব্য: এই সংবাদ বিজ্ঞপ্তির ইংরেজি ভাষ্য 'আমেরিকান সেন্টার'-এ পাওয়া যাবে। যদি আপনি ইংরেজি ভাষ্যটি পেতে আগ্রহী হন, তবে 'আমেরিকান সেন্টার'-এর প্রেস সেকশনে (টেলিফোন: ৮৮৩৭১৫০-৪, ফ্যাক্স: ৯৮৮৫৬৮৮; ই-মেইল: [DhakaPA@state.gov](mailto: DhakaPA@state.gov) এবং ওয়েবসাইট: dhaka.usembassy.gov) যোগাযোগ করুন।